

20/5



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২৩/১২৪৬/১০

তারিখ: ২৪/০৪/২০২৪খ্রি.

বিষয়: শুনানীতে অশংগ্রহণ।

সূত্র: ১। রিট পিটিশন নং-৬৩৮২/২০২৩

২। মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২৩/৫৩১০/৬; তারিখ: ১৬/১০/২০২৩খ্রি.

৩। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৩৭.০২.৮১২২.১০১.২৩.২০৮৪; তারিখ: ৩০/১১/২০২৩খ্রি.


৪। মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২৩/৩৯৫/৭; তারিখ: ২৯/০১/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারক মোতাবেক রাজশাহী জেলার উপশহর মহিলা কলেজের নাসরিন সুলতানা, প্রভাষক (রাষ্ট্র বিজ্ঞান) ১২/০৭/২০২৩ তারিখের আবেদনের বিষয়ে কার্যক্রম গ্রহণ না করা এবং জৈষ্ঠতা নির্ধারণপূর্বক এমপিওভুক্ত করার জন্য তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৩৮২/২০২৩ দায়ের করেন। উক্ত রিট পিটিশনে সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে ৩নং গং কে Respondent করা হয়েছে। উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ ০৩ নং বিবাদী (মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর) পিটিশনারের ১২/০৭/২০২৩ তারিখের আবেদন (Annexure-M to the supplementary affidavit) ০১ (এক) মাসের মধ্যে বিধি মোতাবেক নিষ্পত্তি করার নির্দেশ প্রদান করেন।

বর্ণিত বিষয়ে স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২৩/৫৩১০/৬; তারিখ: ১৬/১০/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং- ৩৭.০২.৮১২২.১০১.২৩.২০৮৪; তারিখ: ৩০/১১/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় নিয়োগ সংক্রান্ত মূল তথ্যাদি/মূল রেজুলেশনসহ এবং মামলার তথ্যসহ জনাব নাসরিন সুলতানা এবং জনাব শাফিয়াজ আখতার বানু কে স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫০.২০২৩/৩৯৫/৭; তারিখ: ২৯/০১/২০২৪খ্রি. মোতাবেক ৩১/০১/২০২৪খ্রি. তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় অনুষ্ঠিতব্য শুনানীতে উপস্থিত থাকার জন্য পত্র দেয়া হয়।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে উক্ত পত্র মোতাবেক জনাব নাসরিন সুলতানা উপস্থিত না হওয়ায় পুনরায় জনাব নাসরিন সুলতানাকে ২৯/০৪/২০২৪খ্রি. তারিখে সকাল ০৯:৩০ ঘটিকায় অনুষ্ঠিতব্য শুনানীতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

জনাব, নাসরিন সুলতানা, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, উপশহর মহিলা কলেজ, রাজশাহী

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) উপপরিচালক (কলেজ-২) শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ),
- ২) জনাব, আল-আমিন সরকার, শিক্ষা অফিসার-২, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ৩) জনাব, এম সিদ্দিকুর রহমান, অফিসার ইনচার্জ (কমার্শিয়াল সেল), আইন শাখা (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ৪) সহকারী পরিচালক, (কলেজ-৩), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (উক্ত শুনানীতে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, রাজশাহী (পত্রটি প্রাপকের নিকট পৌছানো নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বোয়ালিয়া, রাজশাহী (পত্রটি প্রাপকের নিকট পৌছানো নিশ্চিতকরণের অনুরোধসহ)
- ৭) অধ্যক্ষ, উপশহর মহিলা কলেজ, রাজশাহী
- ৮) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৯) পি এ টু পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পরিচালক কলেজ ও প্রশাসন) মহোদয়কে অবহিতকরণ অনুরোধসহ।
- ১০) সংরক্ষণ নথি।